



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি শামসুর রহমান কলেজ  
গোসাইরহাট, শরীয়তপুর।  
www.gsrc.edu.bd  
Email: srcollege.ghat@gmail.com



তারিখ : ৩১ জানুয়ারি ২০২২ খ্রি.

## এ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি শামসুর রহমান কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষকমণ্ডলী, কর্মচারীবৃন্দ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ৯ম (নবম) সপ্তাহের এ্যাসাইনমেন্ট প্রদান করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের এ্যাসাইনমেন্ট প্রস্তুত করে আগামী ০২/০২/২০২২ তারিখে জমা দেওয়ার দিন ধার্য করা ছিলো। কিন্তু কোভিড সংক্রমণের হার মাত্রাতিরিক্ত বৃদ্ধি পাওয়ায় ছাত্র-ছাত্রীদের কলেজে না আসার পরামর্শ দেওয়া হলো। তারা প্রস্তুতকৃত এ্যাসাইনমেন্ট নিজেদের হেফাজতে সংরক্ষণ করবে এবং পরবর্তী নির্দেশ পাওয়ার পর নির্ধারিত তারিখে কলেজে জমা দিবে।

পরবর্তী এ্যাসাইনমেন্ট সম্পর্কে মাউশি অধিদপ্তরের নির্দেশনা পাওয়া গেলে তা কলেজের ওয়েবসাইট [www.gsrc.edu.bd](http://www.gsrc.edu.bd) -তে আপলোড করা হবে। ছাত্র-ছাত্রীগণ ওয়েবসাইট থেকে এ্যাসাইনমেন্ট ডাউনলোড করে প্রিন্ট নেবে এবং কলেজের নির্দেশনা অনুযায়ী এ্যাসাইনমেন্ট প্রস্তুত করবে।

পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ছাত্র-ছাত্রীদের কলেজে না এসে নিজ নিজ বাসস্থানে থাকবে এবং বিদ্যমান রুটিন অনুযায়ী অনলাইন ক্লাশে যোগদানের জন্য বলা হলো।

বিষয়টি জরুরি।

মোঃ ফজলুল হক

বিসিএস (সাধারণ শিক্ষা)

আইডি নং-১৯০২

অধ্যক্ষ

সরকারি শামসুর রহমান কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।

মোবাইল : ০১৭১৬৯১৫০৪০